



আঞ্চলিক তথ্য অফিস, সিলেট



তথ্য অধিদফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

তথ্যবিবরণী

নম্বর: ০৫৩

মাটিয়ান হাওর পরিদর্শন শেষে কৃষি ও স্বরাষ্ট্র উপদেষ্টা

ছাত্রদের কঠোর হয়ে দমন করতে চাই না

সিলেট, মঙ্গলবার, ১১ অগ্রহায়ণ (২৬ নভেম্বর):

কৃষি ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, ছাত্রদের কঠোর হয়ে দমন করতে চাই না। কলেজের সমস্যা শিক্ষকসহ অন্যান্যদের সাথে আলোচনা করে সমাধান করতে হবে। এজন্য কারো রাস্তায় নামার প্রয়োজন নেই। আজ ২৬ নভেম্বর মঙ্গলবার তাহিরপুরের মাটিয়ান হাওর পরিদর্শন শেষে সাংবাদিকদের সাথে আলাপকালে এসব কথা বলেন উপদেষ্টা।

যারা আন্দোলন করছে তারা আমারই ভাই, কার উপরে কঠোর হব উল্লেখ করে উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, ছাত্র প্রতিনিধিদের সাথে আলোচনার মাধ্যমে শান্তিপূর্ণভাবে সমস্যা সমাধানের চেষ্টা করা হচ্ছে। রাস্তা ব্লক না করে সোহরাওয়ার্দী উদ্যানে এসে দাবি জানানোর আহ্বান করেন তিনি।

হাওরের কৃষি নিয়ে তিনি বলেন, কৃষি পণ্যে কৃষকরা উপকৃত হচ্ছেন কি না সেটা দেখার বিষয়। কোন মধ্যস্বত্ত্বভোগী যাতে সুবিধা নিতে না পারে সে বিষয়ে সবার কড়া নজরদারীর কথা বলেন।

এসময় উপস্থিত ছিলেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান, পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব নাজমুল আহসান, সুনামগঞ্জ জেলার প্রশাসক ড. মোহাম্মদ ইলিয়াস মিয়া, পুলিশ সুপার আ. ফ. ম. আনোয়ার হোসেন খান, সুনামগঞ্জ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক ইমন দোজ্জা, কবি নজরুল সরকারি কলেজের বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক তানভীর ইসলাম চৌধুরী প্রমুখ।

#

মাসুদ/ডলি/২০২৪/১৪:১০ ঘণ্টা